THE COLLEGE BOARD

Digital SAT Test Directions Translated into BENGALI for Students

Spring 2019 School Day Testing Only

Notes to the Proctor

This document should be printed and distributed once students are seated.

Students may use this document to read translations of the directions that are read aloud or included in the Secure Browser.

Students may keep this document open and on their desk during the entire testing period.

Students may **not** be given additional time, unless approved by the College Board as a separate accommodation.

Collect this document from each student at the end of testing and securely destroy it.

© 2018 The College Board. College Board and SAT are registered trademarks of the College Board. PSAT is a trademark owned by the College Board. Unauthorized copying or reuse of any part of this document is illegal.

সুচিপত্র

Notes to the Proctor 1
1 শিক্ষার্থীরা যে বিষয়গুলো মনে রাখবেন 3
2 ডিজিটাল SAT স্ট্যান্ডার্ড টেস্টিং স্ক্রিপ্ট 4
2.1 পরীক্ষা শুরু হওয়ার আগে 4
2.2 প্রাথমিক নির্দেশাবলী 6
2.3 বিভাগ 1: পঠনের পরীক্ষা 9
2.3.1 বিভাগ 1 পরীক্ষার নির্দেশনা 10
2.3.2 বিরতির সময় 11
2.4 বিভাগ 2: লেখা ও ভাষার পরীক্ষা 11
2.4.1 বিভাগ 2 পরীক্ষার নির্দেশনা 12
2.4.2 পরীক্ষা চলাকালীন 13
2.5 বিভাগ 3: গণিত পরীক্ষা – ক্যালকুলেটর ছাড়া 13
2.5.1 বিভাগ 3 পরীক্ষার নির্দেশনা 15
2.5.2 পরীক্ষা চলাকালীন 17
2.5.3 বিরতির সময় 17
2.6 বিভাগ 4: গণিত পরীক্ষা – ক্যালকুলেটর সহ 17
2.6.1 বিভাগ 4 পরীক্ষার নির্দেশনা 19
2.6.2 পরীক্ষা চলাকালীন 21
2.6.3 বিরতির সময় 21
2.7 SAT নিবন্ধ 21
2.7.1 SAT নিবন্ধ পরীক্ষার নির্দেশনা 23
2.7.2 পরীক্ষা চলাকালীন 23
3 পরীক্ষা শেষ হওয়ার পর 24
3.1 শিক্ষার্থীদেরকে বের হতে দেওয়ার পূর্বে 24

1 শিক্ষার্থীরা যে বিষয়গুলো মনে রাখবেন

- নিম্নলিখিত বিষয়টি হলো পর্যবেক্ষক জোরে জোরে পড়বেন এমন নির্দেশনার এবং College Board সিকিউর ব্রাউজার-এ পাওয়া নির্দেশনার একটি অনুবাদ। আপনার পর্যবেক্ষক ইংরেজি ভাষায় নির্দেশনাটি জোরে জোরে পড়ার সাথে সাথে তাকে অনুসরণ করুন। এই অনূদিত নির্দেশিকা আপনার পর্যবেক্ষক যা পড়ছেন তার প্রতিটি শব্দের সাথে নাও মিলতে পারে; তবে প্রাসঙ্গিক তথ্য একই থাকে। আপনার পর্যবেক্ষক যা পড়ছেন তা নিয়ে আপনার প্রশ্ন থেকে থাকলে অনুগ্রহ করে আপনার হাত তুলুন।
- আপনার পর্যবেক্ষক পরীক্ষার পরিস্থিতি অনুযায়ী এমন কিছু তথ্য বাদ দিতে পারেন যা প্রযোজ্য নয়।
- আপনি পরীক্ষার সম্পূর্ণ সময়কালটিতে আপনার ডেস্কে এই ডকুমেন্টটি রেখে দিতে পারেন তবে পরীক্ষার পরে এটি অবশ্যই পর্যবেক্ষককে ফেরত দিতে হবে।
- আপনি এই ডকুমেন্টটি খসড়া কাগজ হিসাবে ব্যবহার করতে পারবেন না।
- বিভিন্ন সময়ে আপনার পর্যবেক্ষক প্রয়োজন মতো কোনো বিভাগে কত সময় বাকি আছে, আর যথাযথ বিরতির সময় ঘোষণা করবে। আপনি যদি কোনো অনুমোদিত সুবিধা গ্রহণ করে পরীক্ষায় বসে থাকেন, তাহলে এই ঘোষণাগুলিতে উল্লিখিত সময় ও বিরতিগুলি এই অনূদিত ডকুমেন্টে তালিকাবদ্ধ সময় ও বিরতির সময়ের থেকে পৃথক হতে পারে। অনুগ্রহ করে আপনার পর্যবেক্ষকের পড়া ঘোষণাগুলো মনোযোগ সহকারে শুনুন।
- আপনি অনুমোদিত ব্যবস্থা সহ পরীক্ষা করলে আপনার পর্যবেক্ষক আপনাকে ইংরেজিতে অতিরিক্ত নির্দেশিকা দিতে পারেন।
- নির্দিষ্ট তথ্যে আপনার মনোযোগ আকর্ষণ করতে এই আইকনগুলো ডকুমেন্টে সর্বত্র ব্যবহৃত হয়:

গুরুত্বপূর্ণ তথ্য

আপনার পর্যবেক্ষক দ্বারা উচ্চারিত নির্দেশিকাসমূহ

আপনার পরীক্ষার বইয়ে যে নির্দেশাবলী দেওয়া আছে

2 ডিজিটাল SAT স্ট্যান্ডার্ড টেস্টিং স্ক্রিপ্ট

2.1 পরীক্ষা শুরু হওয়ার আগে

যদি পরীক্ষার সময় আপনি হেডফোন ব্যবহার করেন, তবে আপনার পর্যবেক্ষক আপনাকে এমনভাবে সংকেত দেবেন যে, তাদের একটি ঘোষণা রয়েছে।

প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:

SAT পরীক্ষা প্রশাসনে স্বাগত। আপনি কলেজ ও কেরিয়ারের জন্য কতটা প্রস্তুত তা দেখানোর সুযোগ এটি।

আমরা পরীক্ষাটি শুরু করার আগে আমি কিছু প্রবিধান ও নির্দেশিকা পড়তে চলেছি। অনুগ্রহ করে মনোযোগ দিয়ে শুনুন ও আমি কোনো প্রশ্ন জিজ্ঞাসা না করা অবধি অপেক্ষায় রাখুন।

এই পরীক্ষাটিতে জ্ঞান ও দক্ষতা প্রদর্শন করার জন্য সকল শিক্ষার্থীর সমান সুযোগ রয়েছে। এই কারণে কেউ কোনো অন্যায্য সুবিধা পাচ্ছে না তা নিশ্চিত করতে বিধি কার্যকর রয়েছে। কেউ নীচের কোনো একটি কাজ করলে আমরা তাকে বরখাস্ত করব ও নম্বর বাতিল করব:

- পরীক্ষায় কোনো ধরণের সুবিধা প্রদান বা গ্রহণ করা।
- ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না এমন সময় ক্যালকুলেটর ব্যবহার করা (যদি না আপনি তা রাখার জন্য অনুমতি নিয়ে থাকেন)।
- পরীক্ষা বা বিরতি চলাকালীন ফোন সহ যেকোনো ধরনের অননুমোদিত সহায়ক উপকরণ ব্যবহার করা।
- পরীক্ষা চলাকালীন বা পরীক্ষা শেষে কারো সাথে পরীক্ষার প্রশ্নগুলো শেয়ার করা।
- পরীক্ষা ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে পরীক্ষার কম্পিউটারটি ব্যবহার করা বা ব্যবহার করার চেষ্টা করা।
- এই পরীক্ষা সম্পন্ন হওয়ার পূর্বেই পরীক্ষার উইন্ডো থেকে বের হয়ে যাওয়া।
- অন্য কারো হয়ে পরীক্ষা দেওয়ার চেষ্টা করা।

আপনাকে নিম্নলিখিত কারণেও বরখাস্ত করা হতে পারে:

- পরীক্ষার হলে কোনো কিছু খাওয়া বা পান করা (যদি না তা করার জন্য আপনার অনুমতি নেওয়া থাকে)।
- যেকোনো ধরনের বিশৃঙ্খলা সৃষ্টি করলে।
- পরীক্ষার প্রক্রিয়া অনুসরণ করতে ব্যর্থ হলে।
- বিরতির সময় আপনার লকারে গেলে বা বিল্ডিং ছেড়ে গেলে।

আপনার কাছে রাত 11:59 অবধি সময় থাকবে। পরীক্ষার দিন সম্পর্কে কোনো অভিযোগ থাকলে তা দাখিল করার জন্য পরীক্ষার শেষ থেকে ইস্টার্ন টাইমে সপ্তাহের চতুর্থ দিনে তা করুন। আপনি যদি এমন কোনো আচরণ দেখেন যা আপনার উদ্বেগের কারণ হয়ে দাড়ায়, তাহলে অনুগ্রহ করে পরীক্ষার পর্যবেক্ষককে জানান, তিনি কীভাবে College Board-এর সাথে যোগাযোগ করতে হবে তা ব্যাখ্যা করবেন। আমি এখনো অবধি যা বলেছি সে বিষয়ে কি কারো কোনো প্রশ্ন রয়েছে?

(A) যদি আপনার স্কুল শিক্ষার্থীদের ব্যক্তিগত জিনিসপত্র সংগ্রহ করে থাকে তবে আপনার পর্যবেক্ষক বলবেন:

এই সময়ের মধ্যে আপনার সকল ফোন বা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস সরিয়ে দূরে রাখা উচিত। যদি তারপরও কারো কোনো ধরণের ইলেকট্রনিক ডিভাইস থেকে থাকে, তবে অনুগ্রহ করে তা বন্ধ করুন এবং এটি আমাকে দিন এবং পরীক্ষা শেষ হলে এটি আপনাকে ফেরত দেওয়া হবে।

(B) যদি আপনার স্কুল শিক্ষার্থীদের ব্যক্তিগত জিনিসপত্র সংগ্রহ না করে থাকে তবে আপনার পর্যবেক্ষক বলবেন:

এই মুহূর্তে আপনার কাছে যদি কোনো ফোন বা অন্য কোনো অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস থাকে, তবে আপনাকে অবশ্যই এটি সম্পূর্ণ বন্ধ করতে হবে ও পরীক্ষা শেষ না হওয়া অবধি তা দূরে রাখতে হবে। বন্ধ করা হয়নি ও দূরে রাখা হয়নি এমন কোনো ইলেকট্রনিক ডিভাইস জব্দ করা হতে পারে ও এর সামগ্রীগুলো পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধানের অংশ হিসেবে পরীক্ষা করা হতে পারে।

আপনি বিরতির সময় খাওয়ার জন্য স্ন্যাকস বা পানীয় এনে থাকলে সেগুলো বের করে এখনই আপনার ডেস্কের নীচে রেখে দিন। বিরতি চলাকালীন আপনাকে আপনার ব্যাগ ব্যবহার করার অনুমতি দেওয়া হবে না।

সমস্ত ব্যাগ বন্ধ করুন ও সেগুলো পরীক্ষা শেষ না হওয়া অবধি আপনার ডেস্কের নীচে রাখুন।

তারপরে আপনার পর্যবেক্ষক বলবেন:

এবার আমরা পরীক্ষাটি শুরু করার প্রস্তুতি নিতে চলেছি।

আপনি যদি পেন্সিল বা কলম ও ক্যালকুলেটর নিয়ে আসেন তবে সেগুলো ছাড়া অন্য সবকিছু ডেস্ক থেকে সরিয়ে ফেলুন।

আপনি কোনো ব্যাকআপ ক্যালকুলেটর অথবা অতিরিক্ত ব্যাটারি এনে থাকলে অনুগ্রহ করে সেগুলোও আপনার ডেস্কে রাখুন। পরীক্ষা বা বিরতি চলাকালীন অন্য শিক্ষার্থীর সাথে আপনাকে কোনো ক্যালকুলেটর শেয়ার করতে দেওয়া নাও হতে পারে।

প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:

ধন্যবাদ। অনুগ্রহ করে চুপ করে বসে থাকুন, যতক্ষণ না আমি নিশ্চিত হই যে সবার কাছে অনুমোদিত ক্যালকুলেটর আছে।

প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:

কোনো সময়ই আপনার ক্যালকুলেটর শেয়ার অথবা বিনিময় করার অনুমতি নেই। আপনি যদি কোনো ক্যালকুলেটর নিয়ে আসেন, তবে এখন ক্যালকুলেটরটি ও অতিরিক্ত ব্যাটারি আপনার ডেস্কের নীচে রাখুন। পরবর্তী কোনো বিভাগ না আসা অবধি আপনার এটির প্রয়োজন হবে না।

আপনি যদি প্রি-অ্যাডমিনিস্ট্রেশন সেশনে ইতোমধ্যেই অংশগ্রহণ করে থাকেন, তবে আপনার পর্যবেক্ষক প্রত্যেক শিক্ষার্থীকে পরীক্ষার একটি টিকিট ও খসড়া করার জন্য এক টুকরো কাগজ দেবেন। পরীক্ষার টিকিটে আপনার নাম মুদ্রিত থাকবে। আপনার নাম যাচাই করার জন্য আপনার পর্যবেক্ষক আপনাকে আপনার আইডি দেখাতে বলতে পারেন।

আপনার পর্যবেক্ষক বোর্ডে নিম্নলিখিত তথ্য লিখবেন:

- *আজকের তারিখ*
- *পরীক্ষার নাম (SAT বা নিবন্ধ সহ SAT)*

পরবর্তীতে পূরণ করা হবে:

- *Session ID (সেশন আইডি)*
- *শুরুর সময়*
- *শেষ হওয়ার সময় (আনুমানিক)*
- *বিরতির সময়*

2.2 প্রাথমিক নির্দেশাবলী

যখন সকল শিক্ষার্থীর কাছে পরীক্ষার টিকিট থাকবে ও প্রশ্নমালাটি সম্পন্ন করবেন, তখন আপনার পর্যবেক্ষক বলবেন:

অনুগ্রহ করে এই নির্দেশনাবলী সাবধানে শুনুন। আপনার কম্পিউটারটি Secure Browser (সিকিউর ব্রাউজার) সাইন-ইন স্ক্রিনে থাকতে পারে। আপনি যদি College Board সাইন-ইন স্ক্রিন দেখতে না পারেন, তবে আপনার হাত তুলুন।

- আপনার টিকিট যেভাবে মুদ্রিত আছে ঠিক সেভাবে আপনার **First Name (নামের প্রথম অংশ)** লিখুন।
- আপনার টিকিট যেভাবে মুদ্রিত আছে ঠিক সেভাবে আপনার **Registration Number (রেজিস্ট্রেশন নম্বর)** লিখুন।
- বোর্ডে যেভাবে লেখা আছে ঠিক সেভাবে আপনার **Session ID (সেশন আইডি)** লিখুন।
- **Sign In (সাইন ইন)** ক্লিক করুন।

সাইন ইন করার সময় আপনি যদি কোনো ত্রুটি দেখেত পান, তবে আপনার হাত তুলুন এবং আমি আপনাকে সাহায্য করবো।

সকল শিক্ষার্থী সাইন ইন করার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

এখন "Is This You? (এটি কি আপনি?)" পেজ থেকে তথ্যগুলো সঠিক কি না তা যাচাই করুন। যদি এগুলো সঠিক থাকে, তবে **Yes (হ্যাঁ)** ক্লিক করুন। যদি কোনো তথ্য ভুল থাকে, তবে আপনার হাত তুলুন।

তারপরে আপনার পর্যবেক্ষক বলবেন:

অনুগ্রহ করে চুপ করে বসুন এবং অনুমোদনের জন্য অপেক্ষা করুন। যখন আপনি "Waiting for Approval (অনুমোদনের জন্য অপেক্ষা করছে)" ম্যাসেজটি দেখবেন, তখন অপেক্ষা করুন।

প্রত্যেকে প্রস্তুত হলে এবং সকল শিক্ষার্থীকে অনুমোদন দেওয়ার পূর্বে, আপনার পর্যবেক্ষক বলবেন:

প্রত্যেকটি বিভাগের জন্য, আপনার পরীক্ষার টিকিট থেকে আপনার নামের প্রথম অংশ ও রেজিস্ট্রেশন নম্বর এবং স্বতন্ত্র Session ID (সেশন আইডি) ব্যবহার করে অনুমোদনের জন্য আপনি একই প্রক্রিয়া অনুসরণ করবেন। আমি অনুমোদন না করা পর্যন্ত আপনি কোনো বিভাগে প্রবেশ করতে ও পরীক্ষাটি শুরু করতে পারবেন না। পরীক্ষা শুরু করার জন্য আমি সকলকে অনুমোদন দেওয়ার পূর্বে, মনে রাখবেন:

- এই পরীক্ষা পরিচালনার পুরো প্রক্রিয়ায়, কীভাবে এগিয়ে যেতে হবে সে বিষয়ক সকল নির্দেশনা আপনাকে অবশ্যই শুনতে হবে।
- আপনার পরীক্ষা সম্পন্ন না হওয়া পর্যন্ত পরীক্ষার সেশন থেকে বের হবেন না বা ন্যাভিগেট করবেন না বা আপনার ল্যাপটপ বন্ধ করবেন না। আপনি যদি তা করেন, তবে আপনি পরীক্ষার সময় হারাতে পারেন বা আপনার পরীক্ষাকে অকার্যকর হিসেবে চিহ্নিত করতে হতে পারে।
- পরীক্ষা চলাকালীন, শুধুমাত্র আপনার ডিভাইসের উপরই চোখ রাখবেন।
- পরীক্ষা চলাকালীন যদি আপনার ডিভাইসটি যথাযথভাবে কাজ না করে, তবে আপনার হাত তুলুন।
- আপনার অগ্রগতি দেখতে আমি কক্ষটি ঘুরে দেখব।
- পরীক্ষার মধ্যে আপনি যখন বিরতি পাবেন তখন আপনি স্ন্যাক্স খেতে বা বিশ্রামকক্ষ ব্যবহার করতে পরীক্ষার কক্ষ ত্যাগ করতে পারবেন।

আপনি যদি টেক্সট-টু-স্পিচ পরীক্ষা দিয়ে থাকেন, তবে আপনার পর্যবেক্ষক বলবেন:

এখন আপনি টেক্সট-টু-স্পিচ-এর সাউন্ড পরীক্ষা করবেন। অনুগ্রহ করে স্ক্রিনে থাকা নির্দেশনা অনুসরণ করুন এবং স্ক্রিনের নিচ থেকে নির্বাচন করুন। তারপর **Continue (এগিয়ে যান)** ক্লিক করুন। আপনার সাউন্ডের সেটিংস নির্ধারিত থাকা এবং প্রতিবার পরীক্ষায় প্রবেশ করার সময় যথাযথভাবে কাজ করার বিষয়ে আপনাকে অবশ্যই নিশ্চিত হতে হবে। পরীক্ষার বিষয়বস্তু জোরে জোরে পড়ার জন্য, প্রসঙ্গ (context) মেন্যু থেকে টেক্সট-টু-স্পিচ সক্রিয় করুন।

সকল শিক্ষার্থী ভর্তি হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

শুরু করার জন্য আপনি প্রায় প্রস্তুত। এখন আপনি আপনার স্ক্রিনে তথ্যের তিনটি বাক্স দেখতে পাবেন। প্রথমটি হলো 'Help Guide (সহায়তা নির্দেশিকা)', যেখানে পরীক্ষা চলাকালীন পরীক্ষার সকল টুল, বাটন ও ফিচারের তালিকা থাকবে। আপনার স্ক্রিনের উপরের ডান দিকের কোণায় থাকা প্রশ্নবোধক চিহ্নে ক্লিক করে আপনি পরীক্ষা চলাকালীন এই তথ্যে প্রবেশ করতে পারবেন।

পরীক্ষা চলাকালীন ও পরীক্ষা পরবর্তী নির্দেশনা পড়ার পর পরীক্ষায় ন্যাভিগেট করুন এবং স্ক্রিনের উপরের বাম দিকে অবস্থিত ফরওয়ার্ড ও ব্যাকওয়ার্ড তীর চিহ্ন ব্যবহার করে একটি প্রশ্ন থেকে আরেকটি প্রশ্নে যান।

পরীক্ষা চলাকালীন আপনি ঘড়িতেও প্রবেশ করতে পারবেন। আপনার স্ক্রিনের উপরের ডান দিকের কোণায় থাকা ঘড়ির আইকনে ক্লিক করে ঘড়িটি দেখতে বা লুকিয়ে রাখতে পারবেন। ঐ বিভাগে আপনার যত সময় অবশিষ্ট আছে তা আপনার ঘড়িটি হিসেব রাখার শুরু করবে। ঐ বিভাগের জন্য আপনার সময় শেষ হয়ে গেলে, আপনাকে স্বয়ংক্রিয়ভাবে পরীক্ষা থেকে বের করে দেওয়া হবে। আর কোনো প্রশ্ন রয়েছে?

সকল প্রশ্নের উত্তর দেওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

দ্বিতীয় বাক্সটিতে এই পরীক্ষার জন্য প্রয়োজনীয় শর্তাবলী দেখা যাবে। এই শর্তাবলী পড়ার জন্য কয়েক মিনিট সময় ব্যয় করুন। আপনি সম্মত হচ্ছেন যে, আপনি ইমেইল, টেক্সট ম্যাসেজ, অনলাইন পোস্ট অথবা ইন্টারনেটের অন্য ব্যবহার সহ যোগাযোগের যেকোনো প্রকার মাধ্যম ব্যবহার করে কোনো নির্দিষ্ট পরীক্ষার প্রশ্ন কারোর সাথে শেয়ার না করতে সম্মতি জ্ঞাপন করেন। এটি করার ফলে নম্বর বাতিলকরণ বা অন্যান্য সম্ভাব্য নিষেধাজ্ঞা হতে পারে। আপনি পড়া শেষ করার পর "**I agree to the Terms and Conditions (আমি শর্তাবলীতে সম্মত)**"-এর পাশে অবস্থিত বাক্সে ক্লিক করুন।

এই পেজ থেকে আপনি আপনার টেস্টের সেটিংসও দেখতে পারবেন। এগুলো হলো অডিটরি, ভিজুয়াল ও মনোযোগে সহায়তাকারী পরীক্ষার সেটিংস, যেগুলো আপনার জন্য নির্ধারণ করা হয়েছে, যদি আপনি সেগুলোর জন্য অনুমোদিত হয়ে থাকেন। আপনার পরীক্ষার জন্য এই পেজে থাকা সকল তথ্যের সঠিকতা নিশ্চিত করুন। যদি কোনো তথ্য ভুল থাকে, তবে আপনার হাত তুলুন। সকল তথ্য সঠিক থাকলে, স্ক্রল করে পেজের নীচের দিকে যান এবং **OK (ঠিক আছে)** ক্লিক করুন।

এখন আপনার স্ক্রিন থেকে **Start (শুরু করুন)** বাটনটি নির্বাচন করুন। বাটনটি সক্রিয় করতে আপনাকে অবশ্যই শর্তাবলীতে থাকা চেক বক্সটি নির্বাচন করতে হবে।

তারপরে আপনার পর্যবেক্ষক বলবেন:

অনুগ্রহ করে আপনার পরীক্ষার টিকিটটি পাশে রাখুন; পরবর্তী পরীক্ষার বিভাগে যেতে আপনাকে আপনার রেজিস্ট্রেশন নম্বরটি দেখার প্রয়োজন হবে। পরীক্ষা শেষ হওয়ার পর আমি টিকিটসমূহ সংগ্রহ করবো।

আপনি এখন "Waiting for Approval (অনুমোদনের জন্য অপেক্ষা করছে)" ম্যাসেজ দেখতে পাবেন। আপনি এই ম্যাসেজটি দেখতে না পেলে, আপনার হাত তুলুন।

নীচের তথ্য সম্বলিত তিনটি বাক্স সহ আপনি "You Are Almost Ready to Begin (শুরু করার জন্য আপনি প্রায় প্রস্তুত)" পেজের একটি অনূদিত স্ক্রিনশট দেখবেন।

শুরু করার জন্য আপনি প্রায় প্রস্তুত

অনুগ্রহ করে নিম্নলিখিত তথ্যগুলো পর্যালোচনা করুন এবং শুরু করতে "Start (শুরু করুন)" বাটনে ক্লিক করুন।

সহায়ক নির্দেশিকা

পরীক্ষার পেজের উপরের অংশে থাকা বাটন ব্যবহার করে যেকোনো সময় সহায়ক নির্দেশিকা ও পরীক্ষার নিয়মাবলীতে প্রবেশ করা যাবে।

[নির্দেশনাবলী ও সহায়তা দেখুন]

শর্তাবলী

নীচের বাক্সে টিক চিহ্ন দেওয়ার মাধ্যমে আপনি জ্ঞাপন করেন যে আপনি:

- হলেন সেই ব্যক্তি যার নাম ডিজিটাল পরীক্ষায় অংশগ্রহণকারী হিসেবে পরীক্ষার টিকিটে মুদ্রিত আছে
- বুঝতে পারেন যে, এই পরীক্ষায় উত্থাপিত সকল তথ্যের মালিক শুধুমাত্র College Board
- আপনি ইমেইল, টেক্সট ম্যাসেজ, ইন্টারনেট পোস্ট অথবা ইন্টারনেটের অন্য ব্যবহার সহ যোগাযোগের যেকোনো প্রকার মাধ্যম ব্যবহার করে কোনো নির্দিষ্ট পরীক্ষার প্রশ্ন কারোর সাথে শেয়ার করবেন না
- পরীক্ষা চলাকালীন বা বিরতির সময় সেল ফোন ও নিষিদ্ধ ডিভাইস সহ কোনো অননুমোদিত সহায়ক কিছু ব্যবহার করবেন না
- SAT স্টুডেন্ট গাইড ও এই প্লাটফর্মে প্রদর্শিত SAT টেস্ট সিকিউরিটি অ্যান্ড ফেয়ারনেস নীতিমালা সহ SAT-এর সকল শর্তাবলী মেনে চলবেন
- বুঝতে পারছেন যে, শর্তাবলীর যেকোনো ধরনের লঙ্ঘনের ফলে ফলাফল বাতিল করা হতে পারে, ভবিষ্যতে আপনাকে কোনো পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত রাখতে পারে এবং লঙ্ঘনের প্রকৃতির উপর নির্ভর করে আইন প্রয়োগকারী সংস্থার কাছে রিপোর্ট করতে পারে
- বুঝতে পারছেন যে যদি আপনার স্কুল College Board-এ আপনার সম্পর্কে কোনো তথ্য দিয়ে থাকে তবে College Board এই পরীক্ষা সম্পর্কে শিক্ষামূলক পরিষেবা সরবরাহ করতে স্কোর রিপোর্টিং ও স্কলারশিপের যোগ্যতা ও সুযোগ সম্পর্কিত তথ্যের মতো তথ্য রেখে দিতে পারে।

☐ **আমি এই শর্তাবলীতে সম্মতি জ্ঞাপন করছি**

পরীক্ষার সেটিংস

আপনার পরীক্ষার সেটিংস পর্যালোচনা করতে এই বাটনটি ব্যবহার করুন।

[পরীক্ষার সেটিংস দেখুন]

2.3 বিভাগ 1: পঠনের পরীক্ষা

*বিভাগ 1-এর স্ট্যান্ডার্ড সময় **65 মিনিট**, তাছাড়াও বিভাগ শেষে **10 মিনিটের বিরতি** রয়েছে। আপনি কোনো অনুমোদিত ব্যবস্থা সহ পরীক্ষা দিয়ে থাকলে আপনার জন্য নির্ধারিত সময় ও বিরতি ভিন্ন হতে পারে। অনুগ্রহ করে আপনার পর্যবেক্ষকের পড়া ঘোষণাগুলো মনোযোগ সহকারে শুনুন। অনূদিত নির্দেশনাগুলো মুখে বলার পর পর পরীক্ষার বিভাগের নির্দেশনাগুলোর অনুবাদ দেখা যাবে।*

যখন সমস্ত শিক্ষার্থী প্রস্তুত, তখন আপনার পর্যবেক্ষক বলবেন:

পঠনের পরীক্ষার জন্য অনুগ্রহ করে এই নির্দেশনাগুলো শুনুন। আমরা একবার শুরু করলে আপনি বিভাগ 1-এর অর্থাৎ পঠনের পরীক্ষার উত্তর দিতে 65 মিনিট সময় পাবেন। এই বিভাগটি শেষ হয়ে গেলে আমরা একটি সংক্ষিপ্ত বিরতি নেব।

খসড়া কাজ করার জন্য প্রদত্ত আলাদা কাগজটি আপনি ব্যবহার করতে পারেন। পরীক্ষা চলাকালীন যদি আপনার অতিরিক্ত খসড়া কাগজের প্রয়োজন হয়, তবে ঐ সময় আপনার হাত তুলুন এবং আমি আপনাকে তা দেবো।

মনে রাখবেন আপনি সঠিক উত্তরের জন্য পয়েন্ট পাবেন তবে ভুল উত্তরগুলোর জন্য পয়েন্ট কাটা যাবে না। এর অর্থ আপনাকে প্রতিটি প্রশ্নের জন্য সঠিক উত্তর দেয়ার চেষ্টা করা উচিত, এমনকি আপনি সঠিক উত্তর সম্পর্কে নিশ্চিত না হলেও দেয়া উচিত।

পরীক্ষার পদ্ধতিগুলো সম্বন্ধে আপনার কোনো প্রশ্ন থেকে থাকলে অনুগ্রহ করে এখন তা জিজ্ঞাসা করুন। পরীক্ষার জন্য নির্ধারিত সময় থাকা বিভাগগুলোর বিষয় সম্পর্কিত প্রশ্নগুলোর আমি উত্তর দিতে পারি না। আর কোনো প্রশ্ন রয়েছে?

আমি আপনাকে অনুমোদন করার পর এবং আপনার স্ক্রিনে পরীক্ষার নির্দেশনা দেখা যাওয়ার পর পরীক্ষার সময় শুরু হবে। আপনি পরীক্ষা শেষ করার পর নীরবে বসে থাকবেন এবং পরবর্তী নির্দেশনার জন্য অপেক্ষা করবেন। আপনার ল্যাপটপ বন্ধ করবেন না বা আপনার ডিভাইস বন্ধ করবেন না। মনে রাখবেন পরীক্ষাটি শেষ হওয়ার পরে আমি বিরতি বা শেষ ঘোষণা না করা অবধি কেউ কক্ষ ছেড়ে যেতে পারবেন না।

তারপরে আপনার পর্যবেক্ষক বলবেন:

নির্দেশনাগুলো পড়ুন, তারপর পরীক্ষার প্রথম প্রশ্ন দেখতে ও কাজ শুরু করতে ন্যাভিগেশন তীর চিহ্নটি ব্যবহার করুন।

আপনি পরীক্ষা শুরু করার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

সময় এখন শুরু হচ্ছে। শুভেচ্ছা।

2.3.1 বিভাগ 1 পরীক্ষার নির্দেশনা

নিম্নলিখিত বিষয়টি হলো আপনার সিকিউর ব্রাউজারের বিভাগ 1-এর শুরুতে থাকা নির্দেশিকার অনুবাদ।

SAT পঠন পরীক্ষা

52টি প্রশ্ন

নির্দেশনা

এই পরীক্ষার প্রতিটি অনুচ্ছেদ বা একেজোড়া অনুচ্ছেদের পর কয়েকটি প্রশ্ন থাকবে। প্রতিটি অনুচ্ছেদ বা জোড়া অনুচ্ছেদগুলো পড়ার পরে, অনুচ্ছেদে এবং কোনো সহায়ক গ্রাফিকসে (যেমন টেবিল বা গ্রাফ) বর্ণিত বা উহ্য তথ্যের উপর ভিত্তি করে প্রতিটি প্রশ্নের সেরা উত্তর দিন। রেফারেন্সের জন্য প্রতিটি অনুচ্ছেদে নম্বর দেওয়া থাকে। কিছু কিছু ক্ষেত্রে, প্রশ্নে উল্লেখিত টেক্সটের এক বা একাধিক পয়েন্টে আপনার মনোযোগ আকর্ষণ করার জন্য টেক্সটের এক বা একাধিক অংশ হাইলাইট করা থাকতে পারে।

যখন এই বিভাগে আর মাত্র 5 মিনিট সময় বাকি থাকবে, তখন আপনার স্ক্রিনের নীচের দিকে একটি পপ-আপ ম্যাসেজ দেখতে পাবেন। এই ম্যাসেজে বলা হবে যে, "এই বিভাগে আপনার আর 5 মিনিট সময় বাকি আছে।" প্রতিটি বিভাগেই এই পপ-আপ ম্যাসেজই দেখা যাবে।



প্রতিটি পরীক্ষার বিভাগের পর যে পর্যালোচনা পেজটি দেখা যাবে নীচে তার একটি অনুবাদ দেওয়া হলো। আপনি যে দেখার সম্ভাবনা রয়েছে তার একটি উদাহরণ নীচের ছবিতে দেওয়া হলো, পরীক্ষার সুনির্দিষ্ট বিভাগের নাম অন্তর্ভুক্ত নেই।



পরীক্ষার সেশন শেষ হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

পঠনের পরীক্ষাটি এখন সম্পন্ন হয়েছে। আপনি সিকিউর ব্রাউজার সাইন-ইন পেজে থাকার কথা। আপনি যদি এই স্ক্রিনটি দেখতে না পান, তাহলে আপনার হাত তুলুন।

আমি এখন হেঁটে হেঁটে আপনার খসড়া কাগজগুলো সংগ্রহ করবো।

সকল খসড়া কাগজ সংগ্রহ করার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

অনুগ্রহ করে সিকিউর ব্রাউজার থেকে বের হবেন না। আমরা এখন 10 মিনিটের জন্য একটি বিরতি নেব। আপনি কোনো স্ন্যাক এনে থাকলে আপনি এটি শুধুমাত্র নির্ধারিত স্থানে খেতে পারবেন। নির্ধারিত স্থান, হলওয়ে বা বিশ্রাম কক্ষ ছাড়া অন্য কোথাও যাবেন না। আপনি এই বিরতিতে অথবা পরীক্ষাটির সময় অন্য কোনো বিরতিতে কোনো ফোন বা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইসে প্রবেশ অথবা তা ব্যবহার করতে নাও পারেন। পরীক্ষা শেষ না হওয়া অবধি সমস্ত ফোন ও অন্যান্য ডিভাইস অবশ্যই বন্ধ করে ও দূরে রাখতে হবে। হলওয়েতে কারো সাথে কথা বলবেন না বা পরীক্ষার প্রশ্ন নিয়ে আলোচনা করবেন না। অন্য কক্ষগুলিতে থাকা পরীক্ষার্থীদের কথা বিবেচনা করুন। আপনি ঠিক 10 মিনিটে আবার পরীক্ষাটি শুরু করবেন।

2.3.2 বিরতির সময়

বিরতি শেষে আপনার পর্যবেক্ষক বলবেন:

অনুগ্রহ করে আপনার আসন গ্রহণ করুন।

আমি এখন পরীক্ষার পরবর্তী বিভাগের জন্য খসড়া কাগজ দেবো।

2.4 বিভাগ 2: লেখা ও ভাষার পরীক্ষা

*বিভাগ 2-এর স্ট্যান্ডার্ড সময় হল **35 মিনিট**। আপনি কোনো অনুমোদিত ব্যবস্থা সহ পরীক্ষা দিয়ে থাকলে আপনার জন্য নির্ধারিত সময় ও বিরতি ভিন্ন হতে পারে। অনুগ্রহ করে আপনার পর্যবেক্ষকের পড়া ঘোষণাগুলো মনোযোগ সহকারে শুনুন। অনূদিত নির্দেশনাগুলো মুখে বলার পর পর পরীক্ষার বিভাগের নির্দেশনাগুলোর অনুবাদ দেখা যাবে।*

প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:

পূর্ববর্তী বিভাগে আপনি যেভাবে করেছেন সেভাবেই বোর্ডে লেখা Session ID (সেশন আইডি) লিখুন এবং সিকিউর ব্রাউজারে সাইন ইন করুন।

প্রত্যেকে সাইন ইন করার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

"Is This You? (এটি কি আপনি?)" পেজ থেকে তথ্যগুলো সঠিক কি না তা যাচাই করুন। যদি এগুলো সঠিক থাকে, তবে **Yes (হ্যাঁ)** ক্লিক করুন। তারপর আপনি "Waiting for Approval (অনুমোদনের জন্য অপেক্ষা করছে)" ম্যাসেজ দেখতে পাবেন। অনুগ্রহ করে চুপ করে বসুন এবং অনুমোদনের জন্য অপেক্ষা করুন।

সকল শিক্ষার্থী ভর্তি হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

এখন আপনি Help Guide (সহায়তা নির্দেশিকা) ও Test Settings (পরীক্ষার সেটিংস্) বাক্সগুলো দেখতে পারবেন। মনে রাখবেন, আপনার স্ক্রিনের উপরের ডান দিকের কোণায় থাকা প্রশ্নবোধক চিহ্নে ক্লিক করে আপনি পরীক্ষা চলাকালীন পরীক্ষার উপকরণ ও বৈশিষ্ট্যসমূহে প্রবেশ করতে পারবেন।

Start (শুরু করুন)-এ ক্লিক করুন। আপনি "Waiting for Approval (অনুমোদনের জন্য অপেক্ষা করছে)" ম্যাসেজ দেখতে পাবেন। আপনি এই ম্যাসেজটি দেখতে না পেলে, আপনার হাত তুলুন।

প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:

আমি সকলকে অনুমোদন করার পূর্বে, অনুগ্রহ করে বিভাগ 2, লেখা ও ভাষার পরীক্ষা,-এর নির্দেশনাবলী শুনুন। খসড়া কাজ করার জন্য প্রদত্ত আলাদা কাগজটি আপনি ব্যবহার করতে পারেন। পরীক্ষা চলাকালীন যদি আপনার অতিরিক্ত খসড়া কাগজের প্রয়োজন হয়, তবে ঐ সময় আপনার হাত তুলুন এবং আমি তা দেবো।

এই বিভাগের কিছু কিছু প্রশ্নের উত্তরের জন্য শুধুমাত্র চারটি অপশন আছে। এই ক্ষেত্রে, অনুচ্ছেদের প্রসঙ্গের উপর ভিত্তি করে যে বিকল্পটি আপনার কাছে সেরা বলে মনে হবে সেটি নির্বাচন করুন।

এই বিভাগটি শেষ হিসেবে ঘোষণা করার পূর্বেই যদি আপনি সম্পন্ন করে ফেলেন, তবে আপনি শুধুমাত্র এই বিভাগের উত্তরসমূহ পর্যালোচনা করতে পারবেন। আপনি আপনার পর্যালোচনা শেষ করার পর নীরবে বসে থাকবেন এবং পরবর্তী নির্দেশনার জন্য অপেক্ষা করবেন।

লেখা ও ভাষার পরীক্ষার জন্য আপনি 35 মিনিট সময় পাবেন।

তারপরে আপনার পর্যবেক্ষক বলবেন:

আমি পরীক্ষায় আপনার এন্ট্রি অনুমোদন করার পর, আপনি পরীক্ষার নির্দেশনা দেখতে পাবেন। নির্দেশনাগুলো পড়ুন, তারপর পরীক্ষার প্রথম প্রশ্ন দেখতে ও কাজ শুরু করতে ন্যাভিগেশন তীর চিহ্নটি ব্যবহার করুন।

পরীক্ষা শুরু হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

সময় এখন শুরু হচ্ছে। শুভেচ্ছা।

2.4.1 বিভাগ 2 পরীক্ষার নির্দেশনা

নিম্নলিখিত বিষয়টি হলো আপনার সিকিউর ব্রাউজারের বিভাগ 2-এর শুরুতে থাকা নির্দেশিকার অনুবাদ।

SAT লেখা ও ভাষার পরীক্ষা

44টি প্রশ্ন

নির্দেশনা

পরীক্ষার প্রত্যেকটি অনুচ্ছেদের সাথে বেশ কয়েকটি প্রশ্ন রয়েছে। কিছু প্রশ্নের জন্য ধারণাগুলো আরও ভালোভাবে প্রকাশ করতে অনুচ্ছেদটি কীভাবে সংশোধন করা যেতে পারে তা আপনি বিবেচনা করবেন। অন্যান্য প্রশ্নের জন্য অনুচ্ছেদটি বাক্যের কাঠামো, ব্যবহার বা যতিচিহ্নের ত্রুটিগুলো সংশোধন করতে কীভাবে সম্পাদিত হতে পারে তা বিবেচনা করবেন। কোনো অনুচ্ছেদ বা প্রশ্নের সাথে থাকা এক বা একাধিক গ্রাফিকসকে (যেমন কোনো টেবিল বা গ্রাফ) আপনি সিদ্ধান্ত পরিবর্তন বা সম্পাদনা করার জন্য বিবেচনা করবেন।

কিছু কিছু প্রশ্ন আপনাকে অনুচ্ছেদের নীচে দাগ দেওয়া অংশে নিয়ে যাবে, অন্য প্রশ্নগুলো আপনাকে অনুচ্ছেদের একটি অংশে নির্দেশ করবে বা আপনাকে অনুচ্ছেদটি সম্পর্কে সামগ্রিকভাবে চিন্তাভাবনা করতে বলবে।

প্রতিটি অনুচ্ছেদ পড়ার পরে সর্বাধিক কার্যকরভাবে অনুচ্ছেদের লিখনের গুণমানের উন্নতি করে বা লিখিত ইংরেজির মানকের কনভেনশন অনুসরণ করে এমনভাবে প্রতিটি প্রশ্নের উত্তর বেছে নিন। অনেক প্রশ্নে একটি "পরিবর্তন করবেন না" বিকল্প অন্তর্ভুক্ত থাকে। অনুচ্ছেদের সম্পর্কিত অংশটি যেমন আছে তেমন রেখে দেয়া সেরা পছন্দ হলে সেই বিকল্পটি বেছে নিন।

কিছু কিছু প্রশ্নের উত্তরের জন্য **শুধুমাত্র** চারটি অপশন আছে। এই ক্ষেত্রে, অনুচ্ছেদের প্রসঙ্গের উপর ভিত্তি করে যে বিকল্পটি আপনার কাছে সেরা বলে মনে হবে সেটি নির্বাচন করুন।



2.4.2 পরীক্ষা চলাকালীন

আপনার পর্যবেক্ষক বোর্ডে শুরুর ও আনুমানিক শেষের সময় লিখবেন।

পরীক্ষার সেশন শেষ হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

লেখা ও ভাষার পরীক্ষাটি এখন শেষ হয়েছে। আপনি সিকিউর ব্রাউজার সাইন-ইন পেজে থাকার কথা। আপনি যদি এই স্ক্রিনটি দেখতে না পান, তাহলে আপনার হাত তুলুন।

2.5 বিভাগ 3: গণিত পরীক্ষা – ক্যালকুলেটর ছাড়া

*বিভাগ 3-এর স্ট্যান্ডার্ড সময় **25 মিনিট**, তাছাড়াও বিভাগ শেষে **5 মিনিটের বিরতি** রয়েছে। আপনি কোনো অনুমোদিত ব্যবস্থা সহ পরীক্ষা দিয়ে থাকলে আপনার জন্য নির্ধারিত সময় ও বিরতি ভিন্ন হতে পারে। অনুগ্রহ করে আপনার পর্যবেক্ষকের পড়া ঘোষণাগুলো মনোযোগ সহকারে শুনুন। অনূদিত নির্দেশনাগুলো মুখে বলার পর পর পরীক্ষার বিভাগের নির্দেশনাগুলোর অনুবাদ দেখা যাবে।*

প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:

পূর্ববর্তী বিভাগে আপনি যেভাবে করেছেন সেভাবেই বোর্ডে লেখা Session ID (সেশন আইডি) আইডি লিখুন এবং সিকিউর ব্রাউজারে সাইন ইন করুন।

প্রত্যেকে সাইন ইন করার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

"Is This You? (এটি কি আপনি?)" পেজ থেকে তথ্যগুলো সঠিক কি না তা যাচাই করুন। যদি এগুলো সঠিক থাকে, তবে **Yes (হ্যাঁ)** ক্লিক করুন। তারপর আপনি "Waiting for Approval (অনুমোদনের জন্য অপেক্ষা করছে)" ম্যাসেজ দেখতে পাবেন। অনুগ্রহ করে চুপ করে বসুন এবং অনুমোদনের জন্য অপেক্ষা করুন।

সকল শিক্ষার্থী ভর্তি হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

এখন আপনি Help Guide (সহায়ক নির্দেশিকা) ও Test Settings (পরীক্ষার সেটিংস্) বাক্সগুলো দেখতে পারবেন। মনে রাখবেন, আপনার স্ক্রিনের উপরের ডান দিকের কোণায় থাকা প্রশ্নবোধক চিহ্নে ক্লিক করে আপনি পরীক্ষা চলাকালীন পরীক্ষার উপকরণ ও বৈশিষ্ট্যসমূহে প্রবেশ করতে পারবেন।

Start (শুরু করুন)-এ ক্লিক করুন। আপনি "Waiting for Approval (অনুমোদনের জন্য অপেক্ষা করছে)" ম্যাসেজ দেখতে পাবেন। আপনি এই ম্যাসেজটি দেখতে না পেলে, আপনার হাত তুলুন।

প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:

আমি সকলকে পরীক্ষা শুরু করার জন্য অনুমোদন করার পূর্বে, বিভাগ 3 - গণিত পরীক্ষা - ক্যালকুলেটর ছাড়া-এর জন্য অনুগ্রহ করে এই নির্দেশনাবলী শুনুন।

যদিও এটি গণিত বিভাগ, তবে পরীক্ষার এই বিভাগে আপনি ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন না, যদি না সুযোগ হিসেবে আপনাকে চারটি-ফাংশন সমৃদ্ধ কোনো ক্যালকুলেটর ব্যবহার করার অনুমতি দেওয়া হয়। অনুগ্রহ করে আপনার ডেস্কের নীচে আপনার ক্যালকুলেটর রাখুন। যেসকল প্রশ্নে আপনাকে বাক্সের মধ্যে আপনার উত্তর লেখার জন্য বলা হয়, সেক্ষেত্রে উত্তর লেখার জন্য পরীক্ষার নির্দেশনা অনুসরণ করুন। এই প্রশ্নগুলোর জন্য শূন্য দিয়ে কোনো উত্তর শুরু করবেন না।

পরীক্ষা চলাকালীন যদি আপনার অতিরিক্ত খসড়া কাগজের প্রয়োজন হয়, তবে ঐ সময় আপনার হাত তুলুন এবং আমি তা দেবো।

এই বিভাগটি শেষ হিসেবে ঘোষণা করার পূর্বেই যদি আপনি সম্পন্ন করে ফেলেন, তবে আপনি শুধুমাত্র এই বিভাগের উত্তরসমূহ পর্যালোচনা করতে পারবেন। আপনি আপনার পর্যালোচনা শেষ করার পর নীরবে বসে থাকবেন এবং পরবর্তী নির্দেশনার জন্য অপেক্ষা করবেন।

গণিত পরীক্ষা - ক্যালকুলেটর ছাড়া-এর জন্য আপনি 25 মিনিট সময় পাবেন।

তারপরে আপনার পর্যবেক্ষক বলবেন:

আমি পরীক্ষায় আপনার এন্ট্রি অনুমোদন করার পর, আপনি পরীক্ষার নির্দেশনা দেখতে পাবেন। নির্দেশনাগুলো পড়ুন, তারপর পরীক্ষার প্রথম প্রশ্ন দেখতে ও কাজ শুরু করতে ন্যাভিগেশন তীর চিহ্নটি ব্যবহার করুন।

পরীক্ষা শুরু হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

সময় এখন শুরু হচ্ছে। শুভেচ্ছা।

2.5.1 বিভাগ 3 পরীক্ষার নির্দেশনা

নিম্নলিখিত বিষয়টি হলো আপনার সিকিউর ব্রাউজারের বিভাগ 3-এর শুরুতে থাকা নির্দেশিকার অনুবাদ।

SAT গণিত পরীক্ষা – ক্যালকুলেটর ছাড়া

20টি প্রশ্ন

নির্দেশনা

1-15 নম্বরের প্রশ্নের জন্য, প্রতিটি সমস্যা সমাধান করুন এবং প্রদত্ত উত্তর থেকে সেরা উত্তরটি নির্বাচন করুন। **16-20 নম্বরের প্রশ্নের জন্য,** সমস্যার সমাধান করুন এবং উত্তর লেখার বাক্সটিতে আপনার উত্তর লিখুন। কীভাবে আপনার উত্তর লিখতে হবে সে সম্পর্কে অনুগ্রহ করে প্রশ্ন 16-এর পূর্বে প্রদত্ত নির্দেশিকা দেখুন। খসড়া কাজের জন্য আপনি আলাদা কাগজ ব্যবহার করতে পারেন।

নোটসমূহ

1. ক্যালকুলেটরের ব্যবহার **অনুমোদিত নয়**।
2. অন্য কোনো নির্দেশনা না থাকলে ব্যবহৃত সকল চলক ও সমীকরণ প্রকৃত সংখ্যা বোঝাবে।
3. অন্য কোনো নির্দেশনা না থাকলে, এই পরীক্ষাটিতে প্রদত্ত সকল চিত্র স্কেল অনুযায়ী অংকিত হয়েছে।
4. অন্য কোনো নির্দেশনা না থাকলে, সকল চিত্র সমতলে থাকে।
5. অন্য কোনো নির্দেশনা না থাকলে, কোনো প্রদত্ত ফাংশন *f*-এর ডোমেইন হল সকল বাস্তব সংখ্যার সেট *x*, যার জন্য *f*(*x*) হল একটি বাস্তব সংখ্যা।

রেফারেন্স



কোনো বৃত্তের চাপের ডিগ্রি হল 360।
কোনো বৃত্তের চাপের রেডিয়ান হল 2π।
একটি ত্রিভুজের কোণগুলোর সমষ্টি 180।

16 - 20 নম্বরের প্রশ্নের জন্য, সমস্যার সমাধান করুন এবং নিম্নে বর্ণিত উপায়ে বাক্সে আপনার উত্তর লিখুন।

1. উত্তরের বাক্সে শুধুমাত্র শূন্য থেকে নয়, দশমাংশ, এবং ভগ্নাংশের রেখা (/) লেখা যাবে।
2. কোনো প্রশ্নের নেতিবাচক উত্তর নেই।
3. কিছু কিছু সমস্যার একাধিক সঠিক উত্তর থাকতে পারে। এ ক্ষেত্রে শুধুমাত্র একটি উত্তর লিখুন।
4. **মিশ্র সংখ্যা** যেমন $3\frac{1}{2}$ অবশ্যই 3.5 বা 7/2 হিসেবে লিখতে হবে। (যদি উত্তর লেখার বাক্সে 3 1/2 লেখা থাকে, তবে একে $\frac{31}{2}$ হিসেবে বিবেচনা করা হবে, 3 হিসেবে নয় $\frac{1}{2}$।)
5. **দশমিক সহ উত্তর:** উত্তরের বাক্সে শুধুমাত্র 4 টি ক্যারেক্টার লেখা যাবে। আপনি যদি 4টি ক্যারেক্টারের বেশি কোনো দশমিক উত্তর পেয়ে থাকেন, তবে এটি নিকটতম পূর্ণ সংখ্যায় বা ছোট করে লেখা যেতে পারে, তবে বাক্সে অবশ্যই 4 টি ক্যারেক্টার লিখতে হবে।
6. **শূন্য দিয়ে শুরু হলে:** প্রথমে শূন্য দিয়ে আপনার উত্তর শুরু করবেন না।
7. উদাহরণের মধ্যে রয়েছে:

উত্তর	উত্তর লেখার গ্রহণযোগ্য উপায়(সমূহ)	অগ্রহণযোগ্য; কোনো ক্রেডিট পাবে না
$\frac{7}{12}$	7/12 .583	0.58
2.5	2.5 2.50 5/2	21/2
$\frac{2}{3}$	2/3 .666 .667	0.66 0.67

নোটসমূহ

1. ক্যালকুলেটরের ব্যবহার **অনুমোদিত নয়**।
2. অন্যথায় সূচিত না থাকলে সমস্ত পরিবর্তনীয় ও প্রকাশ বাস্তব সংখ্যার প্রতিনিধিত্ব করে।
3. অন্য কোনো নির্দেশনা না থাকলে, এই পরীক্ষাটিতে প্রদত্ত সকল চিত্র স্কেল অনুযায়ী অংকিত হয়েছে।
4. অন্য কোনো নির্দেশনা না থাকলে, সকল চিত্র সমতলে থাকে।
5. অন্য কোনো নির্দেশনা না থাকলে, কোনো প্রদত্ত *f*-এর ডোমেইন হল সকল বাস্তব সংখ্যার সেট *x*, যেখানে *f(x)* হল একটি বাস্তব সংখ্যা।

2.5.2 পরীক্ষা চলাকালীন

আপনার পর্যবেক্ষক বোর্ডে শুরুর ও আনুমানিক শেষের সময় লিখবেন।

পরীক্ষার সেশন শেষ হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

গণিত পরীক্ষা - ক্যালকুলেটর ছাড়া-এখন শেষ হয়েছে। আপনি সিকিউর ব্রাউজার সাইন-ইন পেজে থাকার কথা। আপনি যদি এই স্ক্রিনটি দেখতে না পান, তাহলে আপনার হাত তুলুন।

আমি আপনার খসড়া কাগজগুলো সংগ্রহ করবো।

সকল খসড়া কাগজ সংগ্রহ করার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

অনুগ্রহ করে সিকিউর ব্রাউজার থেকে বের হবেন না। আমরা এখন 5 মিনিটের জন্য একটি বিরতি নেব। আপনি কোনো স্ন্যাক এনে থাকলে আপনি এটি শুধুমাত্র নির্ধারিত স্থানে খেতে পারবেন। নির্ধারিত স্থান, হলওয়ে বা বিশ্রাম কক্ষ ছাড়া অন্য কোথাও যাবেন না। আপনি এই বিরতিতে অথবা পরীক্ষাটির সময় অন্য কোনো বিরতিতে কোনো ফোন বা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইসে প্রবেশ অথবা তা ব্যবহার করতে নাও পারেন। পরীক্ষা শেষ না হওয়া অবধি সমস্ত ফোন ও অন্যান্য ডিভাইস অবশ্যই বন্ধ করে ও দূরে রাখতে হবে। হলওয়েতে কারো সাথে কথা বলবেন না বা পরীক্ষার প্রশ্ন নিয়ে আলোচনা করবেন না। অন্য কক্ষগুলিতে থাকা পরীক্ষার্থীদের কথা বিবেচনা করুন। আপনি ঠিক 5 মিনিটে আবার পরীক্ষাটি শুরু করবেন।

2.5.3 বিরতির সময়

বিরতি শেষে আপনার পর্যবেক্ষক বলবেন:

অনুগ্রহ করে আপনার আসন গ্রহণ করুন।

আমি এখন পরীক্ষার পরবর্তী বিভাগের জন্য খসড়া কাগজ দেবো।

2.6 বিভাগ 4: গণিত পরীক্ষা – ক্যালকুলেটর সহ

*বিভাগ 4-এর স্ট্যান্ডার্ড সময় হল **55 মিনিট**। আপনি কোনো অনুমোদিত ব্যবস্থা সহ পরীক্ষা দিয়ে থাকলে আপনার জন্য নির্ধারিত সময় ও বিরতি ভিন্ন হতে পারে। অনুগ্রহ করে আপনার পর্যবেক্ষকের পড়া ঘোষণাগুলো মনোযোগ সহকারে শুনুন। অনূদিত নির্দেশনাগুলো মুখে বলার পর পর পরীক্ষার বিভাগের নির্দেশনাগুলোর অনুবাদ দেখা যাবে।*

প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:

পূর্ববর্তী বিভাগে আপনি যেভাবে করেছেন সেভাবেই বোর্ডে লেখা Session ID (সেশন আইডি) লিখুন এবং সিকিউর ব্রাউজারে সাইন ইন করুন।

প্রত্যেকে সাইন ইন করার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

"Is This You? (এটি কি আপনি?)" পেজ থেকে তথ্যগুলো সঠিক কি না তা যাচাই করুন। যদি এগুলো সঠিক থাকে, তবে **Yes (হ্যাঁ)** ক্লিক করুন। তারপর আপনি "Waiting for Approval (অনুমোদনের জন্য অপেক্ষা করছে)" ম্যাসেজ দেখতে পাবেন। অনুগ্রহ করে চুপ করে বসুন এবং অনুমোদনের জন্য অপেক্ষা করুন।

সকল শিক্ষার্থী ভর্তি হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

এখন আপনি Help Guide (সহায়ক নির্দেশিকা) ও Test Settings (পরীক্ষার সেটিংস্) বাক্সগুলো দেখতে পারবেন। মনে রাখবেন, আপনার স্ক্রিনের উপরের ডান দিকের কোণায় থাকা প্রশ্নবোধক চিহ্নে ক্লিক করে আপনি পরীক্ষা চলাকালীন পরীক্ষার উপকরণ ও বৈশিষ্ট্যসমূহে প্রবেশ করতে পারবেন।

Start (শুরু করুন)-এ ক্লিক করুন। আপনি "Waiting for Approval (অনুমোদনের জন্য অপেক্ষা করছে)" ম্যাসেজ দেখতে পাবেন। আপনি এই ম্যাসেজটি দেখতে না পেলে, আপনার হাত তুলুন।

প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:

আমি সকলকে পরীক্ষা শুরু করার জন্য অনুমোদন করার পূর্বে, বিভাগ 4 - গণিত পরীক্ষা - ক্যালকুলেটর সহ-এর জন্য অনুগ্রহ করে এই নির্দেশনাবলী শুনুন। এই বিভাগে আপনি ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন। আপনি যদি কোনো ক্যালকুলেটর নিয়ে আসেন, তবে অনুগ্রহ করে এটি বের করুন এবং এটি ডেস্কে রাখুন। এই বিভাগে আপনি গ্রাফ তৈরি করার ক্যালকুলেটরও ব্যবহার করতে পারবেন। পরীক্ষার সময় এই যন্ত্রটি ব্যবহার করতে টুলবারে থাকা ক্যালকুলেটর আইকনে ক্লিক করুন।

কোনো ক্যালকুলেটর ব্যবহার করার সময় এই নির্দেশিকা অনুসরণ করুন:

- এটিকে আপনার ডেস্কে রাখুন বা ধরে থাকুন যাতে অন্য শিক্ষার্থীরা আপনার কাজটি না দেখতে পারে।
- আপনার ক্যালকুলেটর শেয়ার করবেন না বা দেয়া নেয়া করবেন না।
- আপনি যদি কোনো ব্যাকআপ ক্যালকুলেটর নিয়ে আসেন, তবে এটি আপনার ডেস্কের নীচে রাখুন।
- আপনার ক্যালকুলেটর ত্রুটিপূর্ণ উপায়ে কাজ করে এবং আপনার ব্যাটারি ও ব্যাকআপ ক্যালকুলেটর থেকে থাকলে আপনার হাত তুলুন। আপনার বিকল্পটি অনুমোদিত কি না তা আমি দেখব। আপনার কোনো ব্যাকআপ না থাকলে পরীক্ষা চালিয়ে যান। মনে রাখবেন, আপনি ক্যালকুলেটর টুলটিও ব্যবহার করতে পারবেন। কোনো ক্যালকুলেটর ছাড়াও সমস্ত গণিতের প্রশ্নের উত্তর দেয়া যাবে।

খসড়া কাজ করার জন্য প্রদত্ত আলাদা কাগজটি আপনি ব্যবহার করতে পারেন। পরীক্ষা চলাকালীন যদি আপনার অতিরিক্ত খসড়া কাগজের প্রয়োজন হয়, তবে ঐ সময় আপনার হাত তুলুন এবং আমি তা দেবো।

যেসকল প্রশ্নে আপনাকে বাক্সের মধ্যে আপনার উত্তর লেখার জন্য বলা হয়, সেক্ষেত্রে উত্তর লেখার জন্য পরীক্ষার নির্দেশনা অনুসরণ করুন। এই প্রশ্নগুলোর জন্য শূন্য দিয়ে কোনো উত্তর শুরু করবেন না।

এই বিভাগটি শেষ হিসেবে ঘোষণা করার পূর্বেই যদি আপনি সম্পন্ন করে ফেলেন, তবে আপনি শুধুমাত্র এই বিভাগের উত্তরসমূহ পর্যালোচনা করতে পারবেন। আপনি আপনার পর্যালোচনা শেষ করার পর নীরবে বসে থাকবেন এবং পরবর্তী নির্দেশনার জন্য অপেক্ষা করবেন।

আর কোনো প্রশ্ন রয়েছে?

গণিত পরীক্ষা - ক্যালকুলেটর সহ-এর জন্য আপনি 55 মিনিট সময় পাবেন।

তারপরে আপনার পর্যবেক্ষক বলবেন:

আমি পরীক্ষায় আপনার এন্ট্রি অনুমোদন করার পর, আপনি পরীক্ষার নির্দেশনা দেখতে পাবেন। নির্দেশনাগুলো পড়ুন, তারপর পরীক্ষার প্রথম প্রশ্ন দেখতে ও কাজ শুরু করতে ন্যাভিগেশন তীর চিহ্নটি ব্যবহার করুন।

পরীক্ষা শুরু হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

সময় এখন শুরু হচ্ছে। শুভেচ্ছা।

2.6.1 বিভাগ 4 পরীক্ষার নির্দেশনা

নিম্নলিখিত বিষয়টি হলো আপনার সিকিউর ব্রাউজারের বিভাগ 4-এর শুরুতে থাকা নির্দেশিকার অনুবাদ।

SAT গণিত পরীক্ষা – ক্যালকুলেটর সহ

38টি প্রশ্ন

নির্দেশনা

1-30 নম্বরের প্রশ্নের জন্য, প্রতিটি সমস্যা সমাধান করুন এবং প্রদত্ত উত্তর থেকে সেরা উত্তরটি নির্বাচন করুন। **31-38 নম্বরের প্রশ্নের জন্য**, সমস্যার সমাধান করুন এবং উত্তর লেখার বাক্সটিতে আপনার উত্তর লিখুন। কীভাবে আপনার উত্তর লিখতে হবে সে সম্পর্কে অনুগ্রহ করে প্রশ্ন 31-এর পূর্বে প্রদত্ত নির্দেশিকা দেখুন। খসড়া কাজের জন্য আপনি আলাদা কাগজ ব্যবহার করতে পারেন।

নোটসমূহ

1. ক্যালকুলেটর **ব্যবহারের অনুমতি রয়েছে**।
2. অন্য কোনো নির্দেশনা না থাকলে ব্যবহৃত সকল চলক ও সমীকরণ প্রকৃত সংখ্যা বোঝাবে।
3. অন্য কোনো নির্দেশনা না থাকলে, এই পরীক্ষাটিতে প্রদত্ত সকল চিত্র স্কেল অনুযায়ী অংকিত হয়েছে।
4. অন্য কোনো নির্দেশনা না থাকলে, সকল চিত্র সমতলে থাকে।
5. অন্য কোনো নির্দেশনা না থাকলে, কোনো প্রদত্ত ফাংশন *f*-এর ডোমেইন হল সকল বাস্তব সংখ্যার সেট *x*, যার জন্য *f*(*x*) হল একটি বাস্তব সংখ্যা।

রেফারেন্স



$A = \pi r^2$, $C = 2\pi r$

$A = \ell w$

$A = \frac{1}{2}bh$

$c^2 = a^2 + b^2$

বিশেষ সমকোণী ত্রিভুজ



$V = \ell wh$

$V = \pi r^2 h$

$V = \frac{4}{3}\pi r^3$

$V = \frac{1}{3}\pi r^2 h$

$V = \frac{1}{3}\ell wh$

কোনো বৃত্তের চাপের ডিগ্রি হল 360।
কোনো বৃত্তের চাপের রেডিয়ান হল 2π।
একটি ত্রিভুজের কোণগুলোর সমষ্টি 180।

31 - 38 নম্বরের প্রশ্নের জন্য, সমস্যার সমাধান করুন এবং নিম্নে বর্ণিত উপায়ে বাক্সে আপনার উত্তর লিখুন।

1. উত্তরের বাক্সে শুধুমাত্র শূন্য থেকে নয়, দশমাংশ, এবং ভগ্নাংশের রেখা (/) লেখা যাবে।
2. কোনো প্রশ্নের নেতিবাচক উত্তর নেই।
3. কিছু কিছু সমস্যার একাধিক সঠিক উত্তর থাকতে পারে। এ ক্ষেত্রে শুধুমাত্র একটি উত্তর লিখুন।
4. **মিশ্র সংখ্যা** যেমন $3\frac{1}{2}$ অবশ্যই 3.5 বা 7/2 হিসেবে লিখতে হবে। (যদি উত্তর লেখার বাক্সে 3 1/2 লেখা থাকে, তবে একে $\frac{31}{2}$ হিসেবে বিবেচনা করা হবে, 3 হিসেবে নয় $\frac{1}{2}$।)
5. **দশমিক সহ উত্তর:** উত্তরের বাক্সে শুধুমাত্র 4 টি ক্যারেক্টার লেখা যাবে। আপনি যদি 4টি ক্যারেক্টারের বেশি কোনো দশমিক উত্তর পেয়ে থাকেন, তবে এটি নিকটতম পূর্ণ সংখ্যায় বা ছোট করে লেখা যেতে পারে, তবে বাক্সে অবশ্যই 4 টি ক্যারেক্টার লিখতে হবে।
6. **শূন্য দিয়ে শুরু হলে:** প্রথমে শূন্য দিয়ে আপনার উত্তর শুরু করবেন না।
7. উদাহরণের মধ্যে রয়েছে:

উত্তর	**উত্তর লেখার গ্রহণযোগ্য উপায়(সমূহ)**	**অগ্রহণযোগ্য; কোনো ক্রেডিট পাবে না**
$\frac{7}{12}$	7/12 .583	0.58
2.5	2.5 2.50 5/2	21/2
$\frac{2}{3}$	2/3 .666 .667	0.66 0.67

নোটসমূহ

1. ক্যালকুলেটর **ব্যবহারের অনুমতি রয়েছে**।
2. অন্যথায় সূচিত না থাকলে সমস্ত পরিবর্তনীয় ও প্রকাশ বাস্তব সংখ্যার প্রতিনিধিত্ব করে।
3. অন্য কোনো নির্দেশনা না থাকলে, এই পরীক্ষাটিতে প্রদত্ত সকল চিত্র স্কেল অনুযায়ী অংকিত হয়েছে।
4. অন্য কোনো নির্দেশনা না থাকলে, সকল চিত্র সমতলে থাকে।
5. অন্য কোনো নির্দেশনা না থাকলে, কোনো প্রদত্ত *f*-এর ডোমেইন হল সকল বাস্তব সংখ্যার সেট *x*, যেখানে *f(x)* হল একটি বাস্তব সংখ্যা।

2.6.2 পরীক্ষা চলাকালীন

পরীক্ষার সেশন শেষ হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

গণিত পরীক্ষা - ক্যালকুলেটর সহ-এখন শেষ হয়েছে। আপনি সিকিউর ব্রাউজার সাইন-ইন পেজে থাকার কথা। আপনি যদি এই স্ক্রিনটি দেখতে না পান, তাহলে আপনার হাত তুলুন।

আমি আপনার খসড়া কাগজগুলো সংগ্রহ করবো।

আপনি যদি SAT (নিবন্ধ ছাড়া) পরীক্ষায় নেন ও পরীক্ষাটি শেষ হয়ে থাকে এবং আপনার পর্যবেক্ষক "পরীক্ষা শেষে"-তে এগিয়ে যাবেন। আপনি যদি নিবন্ধ সহ SAT পরীক্ষায় অংশ নিয়ে থাকেন, তবে পরবর্তী নির্দেশনাবলী পড়া অব্যাহত রাখুন।

সকল খসড়া কাগজ সংগ্রহ করার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

অনুগ্রহ করে সিকিউর ব্রাউজার থেকে বের হবেন না। আপনার ডেস্কের নীচে আপনার ক্যালকুলেটর রাখুন। আপনার কাছে এখন আর কয়েক মিনিট সময় রয়েছে। বিরতির সময় পরীক্ষার প্রশ্নগুলো নিয়ে আলোচনা করবেন না বা অনুমতি ছাড়া পরীক্ষার কক্ষ ত্যাগ করবেন না।

আমরা 2 মিনিটের মধ্যেই আবার পরীক্ষাটি শুরু করবো।

2.6.3 বিরতির সময়

বিরতি শেষে আপনার পর্যবেক্ষক বলবেন:

অনুগ্রহ করে আপনার আসন গ্রহণ করুন।

আমি এখন পরীক্ষার পরবর্তী বিভাগের জন্য খসড়া কাগজ দেবো।

2.7 SAT নিবন্ধ

*SAT নিবন্ধ-এর জন্য প্রদত্ত সময়সীমা **50 মিনিট**। আপনি কোনো অনুমোদিত ব্যবস্থা নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে আপনার সময় ও বিরতিগুলো ভিন্ন হতে পারে। অনুগ্রহ করে আপনার পর্যবেক্ষকের পড়া ঘোষণাগুলো মনোযোগ সহকারে শুনুন। অনূদিত নির্দেশনাগুলো মুখে বলার পর পর নিবন্ধের নির্দেশনাগুলোর অনুবাদ দেখা যাবে।*

প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:

পূর্ববর্তী বিভাগে আপনি যেভাবে করেছেন সেভাবেই বোর্ডে লেখা Session ID (সেশন আইডি) লিখুন এবং সিকিউর ব্রাউজারে সাইন ইন করুন।

প্রত্যেকে সাইন ইন করার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

"Is This You? (এটি কি আপনি?)" পেজ থেকে তথ্যগুলো সঠিক কি না তা যাচাই করুন। যদি এগুলো সঠিক থাকে, তবে **Yes (হ্যাঁ)** ক্লিক করুন। তারপর আপনি "Waiting for Approval (অনুমোদনের জন্য অপেক্ষা করছে)" ম্যাসেজ দেখতে পাবেন। অনুগ্রহ করে চুপ করে বসুন এবং অনুমোদনের জন্য অপেক্ষা করুন।

শিক্ষার্থীরা ভর্তি হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

এখন আপনি Help Guide (সহায়ক নির্দেশিকা) ও Test Settings (পরীক্ষার সেটিংস্) বাক্সগুলো দেখতে পারবেন। আপনার নিবন্ধ ব্যবহার সম্পর্কিত একটি বিবৃতি সহ একটি অতিরিক্ত বাক্স রয়েছে। বিবৃতিটি পড়ার জন্য কিছু সময় নিন, তারপর তালিকাভুক্ত উত্তরসমূহ থেকে একটি উত্তর বেছে নিন। আপনার পড়া শেষ হয়ে গেলে অনুগ্রহ করে উপরে দেখুন।

Start (শুরু করুন)-এ ক্লিক করুন। আপনি "Waiting for Approval (অনুমোদনের জন্য অপেক্ষা করছে)" ম্যাসেজ দেখতে পাবেন। আপনি এই ম্যাসেজটি দেখতে না পেলে, আপনার হাত তুলুন।

নীচে নিবন্ধের ছাড়পত্রের বিবৃতির অনুবাদ দেখুন:

নিবন্ধ ছাড়পত্র

নীচের বিবৃতিটি পড়ার জন্য কিছু সময় নিন।

আমি বুঝতে পারছি যে, গবেষণার উদ্দেশ্যে আমার নিবন্ধটি (আমার নাম ছাড়াই) College Board-এর উপকরণে পুনরুৎপাদিত করতে পারবে। আমার স্কোর রিপোর্ট করা ও লেখার দক্ষতা মূল্যায়ন করা ছাড়া অন্য কোনো কাজে নিবন্ধটি ব্যবহার করার জন্য যদি আমি আমার অনুমতি প্রত্যাহার করে নেই, তবে এতে আমার স্কোরের উপর কোনো প্রভাব পড়বে না, আমি আমার SAT স্কোর পাঠাবো এমন কোনো কলেজে এটি উপলভ্য হওয়া থেকে বিরত রাখবে না।

- ○ হ্যাঁ, আমি আমার অনুমতি দিচ্ছি।
- ○ না, আমি আমার অনুমতি প্রত্যাহার করছি।

প্রত্যেকে প্রস্তুত হলে, আপনার পর্যবেক্ষক বলবেন:

আমি সকলকে পরীক্ষা শুরু করার জন্য অনুমোদন করার পূর্বে, বিভাগ 5 - SAT নিবন্ধ-এর জন্য অনুগ্রহ করে এই নির্দেশনাবলী শুনুন।

নোট লিখতে ও নিবন্ধের জন্য পরিকল্পনা করতে আপনি প্রদত্ত আলাদা কাগজ ব্যবহার করতে পারেন, তবে এই কাগজে লেখা কোনো কিছুর জন্য কোনো নম্বর পাওয়া যাবে না। পরীক্ষা চলাকালীন যদি আপনার অতিরিক্ত খসড়া কাগজের প্রয়োজন হয়, তবে ঐ সময় আপনার হাত তুলুন এবং আমি তা দেবো। আপনি যখন প্রস্তুত হবেন, তখন College Board সিকিউর ব্রাউজারে থাকা ডকুমেন্ট উইন্ডোতে আপনার নিবন্ধটি লেখা শুরু করুন।

মনে রাখবেন, আপনার অগ্রগতি পর্যবেক্ষণ করার জন্য পরীক্ষার পুরো সময় জুড়েই ঘড়িটি উপলভ্য থাকে।

এই বিভাগটি শেষ হিসেবে ঘোষণা করার পূর্বেই যদি আপনি সম্পন্ন করে ফেলেন, তবে আপনি শুধুমাত্র এই বিভাগের কাজ পর্যালোচনা করতে পারবেন। আপনি আপনার পর্যালোচনা শেষ করার পর নীরবে বসে থাকবেন এবং পরবর্তী নির্দেশনার জন্য অপেক্ষা করবেন।

আর কোনো প্রশ্ন রয়েছে?

SAT নিবন্ধ নিয়ে কাজ করার জন্য আপনি 50 মিনিট সময় পাবেন।

তারপরে আপনার পর্যবেক্ষক বলবেন:

আমি পরীক্ষায় আপনার এন্ট্রি অনুমোদন করার পর, আপনি পরীক্ষার নির্দেশনা দেখতে পাবেন। নির্দেশনাগুলো পড়ুন, তারপর নিবন্ধের প্রম্পটটি দেখতে ন্যাভিগেশন তীর চিহ্ন ব্যবহার করুন ও কাজ শুরু করুন।

পরীক্ষা শুরু হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

সময় এখন শুরু হচ্ছে। শুভেচ্ছা।

2.7.1 SAT নিবন্ধ পরীক্ষার নির্দেশনা

নীচে আপনার সিকিউর ব্রাউজারে থাকা নির্দেশনার অনুবাদ দেওয়া হলো।

SAT নিবন্ধ

নির্দেশনা

নিবন্ধটি আপনি কতটা কার্যকর ভাবে কোনো অনুচ্ছেদ পড়তে ও অনুধাবন করতে ও নিবন্ধটি বিশ্লেষণ করে লিখতে পারেন তা দেখানোর একটি সুযোগ দেয়। আপনার নিবন্ধটিতে আপনি মনোযোগ সহকারে অনুচ্ছেদটি পড়েছেন, একটি স্পষ্ট ও যৌক্তিক বিশ্লেষণ উপস্থাপন করেছেন ও সংক্ষিপ্তাকারে আপনার ভাষা ব্যবহার করেছেন তা প্রদর্শন করা উচিত।

অনুচ্ছেদটি পড়ুন এবং প্রদত্ত প্রম্পট অনুযায়ী প্রদত্ত স্থানে একটি নিবন্ধ লিখুন। প্রসঙ্গ-বর্জিত কোনো নিবন্ধ মূল্যায়ন করা হবে না।

2.7.2 পরীক্ষা চলাকালীন

আপনার পর্যবেক্ষক বোর্ডে শুরুর ও আনুমানিক শেষের সময় লিখবেন।

পরীক্ষার সেশন শেষ হওয়ার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

SAT নিবন্ধ পরীক্ষাটি এখন সম্পন্ন হয়েছে। আপনি সিকিউর ব্রাউজার সাইন-ইন পেজে থাকার কথা। আপনি যদি এই স্ক্রিনটি দেখতে না পান, তাহলে আপনার হাত তুলুন।

আমি আপনার খসড়া কাগজগুলো সংগ্রহ করবো।

3 পরীক্ষা শেষ হওয়ার পর

সকল শিক্ষার্থীকে আপনার পর্যবেক্ষক বলবেন:

অভিনন্দন—আপনি সবেমাত্র পরীক্ষাটি শেষ করেছেন!

এখন এই গুরুত্বপূর্ণ তথ্যটি শুনুন। আপনি যদি আপনার নম্বর বাতিল করতে চান, তবে আপনাকে অবশ্যই লিখিত আকারে রাত 11:59-এর আগে অবশ্যই College Board-কে অবহিত করতে হবে। ইস্টার্ন সময় আজ থেকে সপ্তাহের চতুর্থ দিনে হবে।

আপনি আপনার নম্বর বাতিল করলে সেগুলি এখনো স্টেট ও ডিস্ট্রিক্টে পাঠাতে হবে ও আপনার স্কুলের কাছে অভিগম্য হবে, তবে এগুলি আপনার বেছে নেওয়া কলেজ বা স্কলারশিপ সংস্থাগুলিতে পাঠানো হবে না বা College Board-এর রিপোর্টিং সিস্টেমে উপলভ্য হবে না।

3.1 শিক্ষার্থীদেরকে বের হতে দেওয়ার পূর্বে

সকল শিক্ষার্থীকে আপনার পর্যবেক্ষক বলবেন:

আমি এখন আপনার পরীক্ষার টিকিটগুলো সংগ্রহ করব। আপনাকে বের হতে না দেওয়া পর্যন্ত অনুগ্রহ করে নীরবে বসে থাকুন।

সকল উপকরণ হিসেব করার পর আপনার পর্যবেক্ষক বলবেন:

একটু পরেই আমি আপনাদের যেতে দেবো। মনে রাখবেন: আপনি অবশ্যই কোনো পরিস্থিতিতেই পরীক্ষা কক্ষ থেকে পরীক্ষার প্রশ্ন নেবেন না বা কোনো উপায়ে, ইমেইল, টেক্সট ম্যাসেজ বা ইন্টারনেটের সাহায্যে কারও সাথে সেগুলো নিয়ে আলোচনা করবেন না।

নিবন্ধ সহ SAT-এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদেরকে আপনার পর্যবেক্ষক বলবেন:

এছাড়াও, নিবন্ধটি অনলাইনে উপলভ্য না হওয়া অবধি আজকের নিবন্ধের প্রশ্ন নিয়ে আলোচনা অথবা শেয়ার করার জন্য আপনার অনুমতি নেই।

শিক্ষার্থীদেরকে যদি তাদের ব্যক্তিগত জিনিসপত্র সংগ্রহ করতে হয়, তবে আপনার পর্যবেক্ষক বলবেন:

এই পরীক্ষাটি এখন নেওয়া শেষ হয়েছে। আপনি বেরিয়ে যাওয়ার জন্য প্রস্তুত থাকলে অনুগ্রহ করে আসুন ও আপনার নিকট থেকে আমি আগে যে ব্যক্তিগত জিনিসপত্র নিয়েছি সেগুলো সংগ্রহ করুন। একবার আপনার সমস্ত জিনিসপত্র পেয়ে গেলে আপনি ধীরে ধীরে কক্ষ ত্যাগ করতে পারেন। অনুগ্রহ করে মনে রাখবেন অন্যান্য কক্ষের শিক্ষার্থীরা এখনো পরীক্ষা দিচ্ছেন। আবারও অভিনন্দন জানাই ও আপনার অংশগ্রহণ ও আপনার কঠোর পরিশ্রমের জন্য আপনাকে ধন্যবাদ।

শিক্ষার্থীরা যদি তাদের ব্যক্তিগত সকল জিনিসপত্র সংগ্রহ করে থাকেন, তবে আপনার পর্যবেক্ষক বলবেন:

এই পরীক্ষাটি এখন নেওয়া শেষ হয়েছে। আপনার জিনিসপত্র সংগ্রহ করুন ও ধীরে ধীরে কক্ষ ছেড়ে যান। অনুগ্রহ করে মনে রাখবেন অন্যান্য কক্ষের শিক্ষার্থীরা এখনো পরীক্ষা দিচ্ছেন। আবারও অভিনন্দন জানাই ও আপনার অংশগ্রহণ ও আপনার কঠোর পরিশ্রমের জন্য আপনাকে ধন্যবাদ।